



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/1/2022

গভর্নর ক্যাথি হোকল

সংগ্রামরত ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে কম-খরচের ওয়ার্কাস কনপেনসেশন কভারেজ অ্যাক্সেস করতে সাহায্য করার জন্য গভর্নর হোকলের আইন স্বাক্ষর

**আইনটি (S.9096/A.10078) অপরিশোধিত বকেয়া থাকা নিউ ইয়র্কের 3,700টিরও বেশি ব্যবসা প্রতিষ্ঠানকে NYSIF-এ ফেরত যাওয়ার সুযোগ প্রদান করবে, যা সম্ভাব্য কয়েক মিলিয়ন ডলার সাশ্রয় করবে**

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের বৃহত্তম ওয়ার্কাস কনপেনসেশন বিমাকারী এবং স্টেটের কম-খরচের বিমা বাজারের একটি কেন্দ্রীয় অংশ, নিউ ইয়র্ক স্টেট ইন্স্যুরেন্স ফান্ড (New York State Insurance Fund)-এর মাধ্যমে নিউ ইয়র্কের কয়েক হাজার ব্যবসা প্রতিষ্ঠানের কম-খরচের ওয়ার্কাস কনপেনসেশন কভারেজ অ্যাক্সেস করার সক্ষমতা পুনরুদ্ধার করতে তিনি আইন স্বাক্ষর করেছেন।

"কোভিড-19 মহামারীর তীব্রতার সময়ে টিকে থাকার জন্য সংগ্রাম করে যাওয়া নিউ ইয়র্কের কয়েক হাজার ব্যবসা প্রতিষ্ঠান এমন সময়ে সাশ্রয়ী ওয়ার্কাস কনপেনসেশন কভারেজের অ্যাক্সেস হারিয়ে ফেলেছে যখন তাদের এটির সবচেয়ে বেশি প্রয়োজন ছিল," **বলেছেন গভর্নর হোকল।** "কিন্তু আজ বিলের পৃষ্ঠপোষক সিনেটর রামোস এবং অ্যাসেম্বলি সদস্য ফার্নান্দেজ এর কল্যাণে, আমরা বকেয়া প্রিমিয়ামগুলো সামলানোর পাশাপাশি ব্যবসা প্রতিষ্ঠানগুলো যাতে তাদের কর্মীদের সুরক্ষিত রাখা অব্যাহত রাখতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে পদক্ষেপ গ্রহণের ঘোষণা দিচ্ছি। এই বিলটি অতি প্রয়োজনীয় অ্যাক্সেস পুনরুদ্ধার করার মাধ্যমে স্টেটজুড়ে ব্যবসা প্রতিষ্ঠানগুলোর কয়েক মিলিয়ন ডলারের প্রিমিয়াম সাশ্রয় করবে এবং তাদের ভিত্তি ধরে রাখতে সাহায্য করবে।"

নিউ ইয়র্কের আইন অনুযায়ী ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য ওয়ার্কাস কনপেনসেশন কভারেজ গ্রহণ করা আবশ্যিক, যা অধিকাংশ প্রতিষ্ঠানই NYSIF বা কোনো বেসরকারি বিমাকারীর মাধ্যমে সংগ্রহ করে থাকে। কিন্তু NYSIF সম্ভাব্য সর্বনিম্ন খরচে ঋণ পরিশোধের একটি তহবিল বজায় রাখার ঝুঁকি নির্বিশেষে কভারেজ পাওয়ার জন্য আবেদনকারী যেকোনো নিয়োগকারীকে বিমা প্রদান করে থাকে, যা বেসরকারি বিমাকারীরা করে না। NYSIF শুধু প্রিমিয়াম পরিশোধ না হলে সেক্ষেত্রে পলিসি বাতিল করতে পারে এবং এখন পর্যন্ত প্রিমিয়াম শোধ করার বাকি আছে এমন ব্যবসা প্রতিষ্ঠানকে পুনরায় পলিসি ইস্যু করা থেকে বিরত থেকেছে।

এই নতুন আইন NYSIF-কে বকেয়া ব্যালেন্স রয়েছে এমন ব্যবসা প্রতিষ্ঠানকে পলিসি ইস্যু করার সক্ষমতা প্রদান করবে, যা কোম্পানিটিকে একটি কিস্তি ভিত্তিক পরিকল্পনার আওতায় বকেয়া প্রিমিয়াম পরিশোধ করার সুযোগ করে দিবে। এটি করার মাধ্যমে, আইনটি নিউ ইয়র্কের 3,000 এরও বেশি ব্যবসা প্রতিষ্ঠানকে কম-খরচের বিমা বাজারের বৃহত্তম অংশ পুনরায় নতুনভাবে অ্যাক্সেস করার সুযোগ প্রদান করবে, যা সম্মিলিতভাবে আনুমানিক 8 মিলিয়ন ডলারের সম্ভাব্য প্রিমিয়াম সাশ্রয় করবে, অথবা প্রত্যেক পলিসি গ্রহীতার জন্য গড়ে আনুমানিক 2,000 ডলার সাশ্রয় করবে।

**NYSIF-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ও CEO গৌরব ভাশিষ্ট বলেন,** "গভর্নর হোকলের নেতৃত্বের কল্যাণে, নিউ ইয়র্ক জুড়ে নিয়োগকারীরা এখন NYSIF-এর বিমার আওতাধীন থাকার সুযোগ পাবে এবং কঠিন সময়গুলোতে তাদের কর্মচারীদের সুরক্ষিত রাখতে পারবে। এছাড়াও নতুন আইনটি NYSIF-কে জনসাধারণের জন্য আমাদের মিশনের সঙ্গে পুনরায় সংযোগ স্থাপনের একটি সুযোগ প্রদান করেছে, যা আমাদেরকে দুর্দশাগ্রস্ত নিয়োগকারীদের সাহায্য করার এবং একটি ন্যায্য বাজার নিশ্চিত করার মতো নমনীয়তা প্রদান করেছে।"

**স্টেট সিনেটর জেসিকা রামোস বলেন,** "এই মহামারী চলাকালীন সময়ে ক্ষুদ্র ব্যবসাগুলোর খরচ ক্রমশ জমা হতে হতে বিশাল আকারে এসে দাঁড়িয়েছে, এবং যদিও প্রণীত বাজেটে তাদের রাজস্ব ফিরে পাওয়ার মতো অর্থপূর্ণ পদক্ষেপসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে, তাদের নিজেদের পায়ে উঠে দাঁড়ানোর জন্য আরো বেশি সহায়তার প্রয়োজন রয়েছে। আমি রোমাঞ্চিত যে গভর্নর এই S9096 এ স্বাক্ষর করছেন, এবং ক্ষুদ্র ব্যবসাগুলোর নিয়ন্ত্রণের বাইরের পরিস্থিতিগুলো যাতে তাদেরকে NYSIF-এর কম খরচের বিমা কভারেজ পাওয়া থেকে বঞ্চিত না করে তা নিশ্চিত করছেন।"

**অ্যাসেম্বলি সদস্য নাথালিয়া ফার্নান্দেজ বলেন,** "কভারেজ, পুনরুদ্ধার, ও সুযোগের নির্ভরযোগ্য সমাধান। নিজেদের ব্যবসা প্রতিষ্ঠানগুলো বন্ধ করে দিতে বাধ্য হওয়া এবং নিজেদের পায়ে উঠে দাঁড়াতে সংগ্রাম করে যাওয়া কয়েক হাজার নিউ ইয়র্কবাসীর জন্য এই বিল যা অফার করেছে তার উদ্দেশ্য এটাই। এই বিল স্বাক্ষরিত হওয়ার মধ্য দিয়ে, ব্যবসা মালিকরা এখন তাদের পূর্বের পলিসি পরিশোধ করা চালিয়ে যাওয়ার পাশাপাশি একটি নতুন বিমা পলিসি শুরু করতে পারবেন। এটি শুধু আমাদের ক্ষুদ্র ব্যবসা মালিকদের জন্যই সফলতা নয়, বরং নিউ ইয়র্কবাসীদের সফলতার পথে এবং সামাজিক ও অর্থনৈতিক গতিশীলতার পথে বাঁধা হয়ে দাঁড়ানো প্রতিবন্ধকতা ভেঙ্গে গুঁড়িয়ে দেওয়ার লড়াইয়ে অর্জিত একটি সফলতা। এই বিল স্বাক্ষর করে আইনে পরিণত করা এবং নিউ ইয়র্কে পুনরুদ্ধার প্রচেষ্টায় আরো ভালোভাবে সহায়তা করা এবং লোকজনের জন্য সুযোগ-সুবিধার নতুন পথ উন্মুক্ত করার আন্দোলনের ক্ষমতায়ন করার ক্ষেত্রে তার সমর্থনের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

এই নতুন আইনের আওতায়, পলিসি গ্রহীতারা বকেয়া ব্যালেন্স ও নতুন পলিসির প্রিমিয়াম উভয়টির জন্য একটি পেমেন্ট প্ল্যান প্রতিষ্ঠা করার জন্য NYSIF-এর সঙ্গে কাজ করতে পারবেন। এছাড়াও সব কোম্পানিকে অবশ্যই NYSIF-এর সাধারণ দায়গ্রহণের মানদণ্ড পূরণ করতে হবে। আরো তথ্যের জন্য ভিজিট করুন [www.NYSIF.com](http://www.NYSIF.com)

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418